



জামায়াত আমিরের সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বৈঠক



জামায়াত আমিরের সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বৈঠক। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেস্ট টি. ক্রিস্টেনসেন।

মঙ্গলবার (৯ জুন) সকাল সাড়ে ১১টার দিকে জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে দেশের সাম্প্রতিক রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। পাশাপাশি আসন্ন জাতীয় বাজেট, বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষীয় সম্পর্ক, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় উঠে আসে।

এ সময় গণতান্ত্রিক প্রতিষ্ঠান শক্তিশালীকরণ, সুশাসন প্রতিষ্ঠা, অর্থনৈতিক সহযোগিতা এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক সমসাময়িক ইস্যুতেও মতবিনিময় করেন তারা।

সাক্ষাতে উভয়পক্ষ পারস্পরিক সহযোগিতা ও বোঝাপড়ার মাধ্যমে দুই দেশের সম্পর্ক আরও গভীর করার আশাবাদ ব্যক্ত করেন।